

## মহানগরী, বিভাগীয় শহর ও জেলা শহরের পৌর এলাকাসহ দেশের সকল পৌর এলাকার খেলার মাঠ, উন্মুক্তস্থান, উদ্যান এবং প্রাকৃতিক জলাধার সংরক্ষণ আইন, ২০০০

দেশের জনসংখ্যা জ্যামিতিক হারে বৃদ্ধি পাওয়ার ফলে কর্মসংস্থান, শিক্ষা, স্বাস্থ্য ইত্যাদির জন্য মানুষ শহরমুখি হওয়ায় শিল্প কারখানা, আবাসন প্রভৃতির উপর ব্যাপক চাপ সৃষ্টি হয়েছে। এজন্য কর্মসংস্থান ও আবাসন সমস্যা সমাধানের নিমিত্ত উন্মুক্ত স্থান, খেলার মাঠ, উদ্যান ও প্রাকৃতিক জলাধারগুলো ভরাট করে ঐ সমস্ত স্থানে শিল্প কারখানা, হোটেল-রেস্তোরা, আবাসন ব্যবস্থা গড়ে উঠায় মহানগর, বিভাগীয় শহর ও জেলা শহরগুলোতে পানি সংরক্ষণ ও পানি নিষ্কাশন কার্যক্রম ব্যাহত হওয়ার ফলে সরকার ২০০০ সালে মহানগরী, বিভাগীয় শহর ও জেলা শহরের পৌর এলাকাসহ দেশের সকল পৌর এলাকার খেলার মাঠ, উন্মুক্তস্থান, উদ্যান এবং প্রাকৃতিক জলাধার সংরক্ষণ আইন, ২০০০ প্রণয়ন করেন। প্রণীত আইনের প্রধান প্রধান দিকসমূহ নিম্নে আলোচনা করা হলো-

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন : (১) মহানগরী, বিভাগীয় শহর ও জেলা শহরের পৌর এলাকাসহ দেশের সকল পৌর এলাকার খেলার মাঠ, উন্মুক্তস্থান, উদ্যান এবং প্রাকৃতিক জলাধার সংরক্ষণ আইন, ২০০০ নামে অভিহিত হবে। (২) সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, যে তারিখ নির্ধারণ করবে সেই তারিখে এই আইন কার্যকর হবে।

২। সংজ্ঞা - বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকলে এ আইনে-

(ক) কর্তৃপক্ষ অর্থ, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ এবং আপাতত: বলবৎ অন্য কোন আইনের অধীন প্রতিষ্ঠিত কোন শহর উন্নয়ন কর্তৃপক্ষ, সিটি কর্পোরেশন এবং বিভাগীয় জেলা শহরে পৌরসভা ;

(খ) “প্রাকৃতিক জলাধার” অর্থ নদী, খাল, বিল, দিঘি, ঝর্ণা বা জলাশয় হিসাবে মাষ্টার প্লানে চিহ্নিত বা সরকার, স্থানীয় সরকার বা কোন সংস্থা কর্তৃক সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, বন্যা প্রবাহ এলাকা হিসাবে ঘোষিত কোন জায়গা বা সলল পানি ধারণ করে এমন কোন ভূমিও অন্তর্ভুক্ত হবে।

(গ) “মাষ্টার প্ল্যান” অর্থ রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ এবং অন্য কোন শহর উন্নয়ন কর্তৃপক্ষ বা বিভাগীয় ও জেলা শহরসহ সকল পৌরসভা প্রতিষ্ঠাকারী আইনের অধীন প্রণীত মাষ্টার প্ল্যান ;

(ঘ) “শ্রেণী পরিবর্তন” অর্থ মাষ্টার প্লানে বা সরকারী গেজেটে সংশ্লিষ্ট জায়গার অবস্থা যেভাবে উল্লেখ করা হয়েছে বা বর্ণনা করা হয়েছে বা সংশ্লিষ্ট জায়গায় সাধারণত: যেভাবে থাকার কথা, মাটি ভরাট, পাকা, আধা- পাকা বা কাঁচা ঘর-বাড়ি এবং অন্য যে কোন ধরনের ভবন নির্মাণসহ কোনভাবে সে অবস্থার পরিবর্তন হতে পারে এবং কিছু করাকে বুঝাবে।

(ঙ) “সরকার ” অর্থ এ আইনের প্রশাসনিক মন্ত্রণালয়।

৩। আইনের প্রাধান্য। আপাতত বলবৎ অন্য কোন আইনে যাহা কিছুই থাকুক না কেন, এ আইন ও তদধীনে প্রণীত বিধানাবলী কার্যকর থাকবে।

৪। মাষ্টার প্লানের বহুল প্রচার

উক্ত ধারা ১, ২, ৩ নং উপধারাগুলো সংযুক্ত আইনে দেখানো আছে।

৫। খেলার মাঠ, উন্মুক্তস্থান, উদ্যান ও প্রাকৃতিক জলাধারের শ্রেণী পরিবর্তনে বাধা নিষেধ। এই আইনের বিধান ব্যতীত খেলার মাঠ, উন্মুক্তস্থান, উদ্যান এবং প্রাকৃতিক জলাধার হিসাবে চিহ্নিত জায়গার শ্রেণী পরিবর্তন করা যাবে না বা উক্ত রূপ জায়গা অন্য কোনভাবে ব্যবহার করা যাবে না বা অনুরূপ ব্যবহারের জন্য ভাড়া, ইজারা বা অন্য কোনভাবে হস্তান্তর করা যাবে না।

৬। জায়গার শ্রেণী পরিবর্তনের আবেদন, ইত্যাদি- (১) ধারা - ৫ এ বর্ণিত কোন জায়গার অংশ বিশেষের শ্রেণী পরিবর্তন করার প্রয়োজন হলে উক্ত জায়গার মালিক, প্রস্তাবিত পরিবর্তনের কারণ লিপিবদ্ধ করে সরকারের নিকট আবেদন করবেন।

উক্ত ধারার ২,৩,৪,৫, ৬ উপধারাগুলো সংযুক্ত আইনে দেখানো আছে।

৭। আবেদনপত্র নিষ্পত্তি - উক্ত ধারার ১,২,৩,৪ উপধারাগুলো সংযুক্ত আইনে দেখানো হলো।

৮। শাস্তি, ইত্যাদি- (১) কোন ব্যক্তি এই আইনের কোন বিধান লঙ্ঘন করলে তিনি অনধিক ৫ বছরের কারাদণ্ডে বা অনধিক ৫০ (পঞ্চাশ) হাজার টাকা অর্থদণ্ডে অথবা উভয় দণ্ডে দণ্ডনীয় হবেন।

উক্ত ধারার ২,৩ উপধারাগুলো সংযুক্ত আইনে দেখানো আছে।

৯। অর্থদণ্ড আরোপের ক্ষেত্রে কতিপয় ম্যাজিস্ট্রেটের বিশেষ ক্ষমতা- Code of Criminal Procedure, 1898 ( Act v of 1898 ) এ ভিন্নতর যা কিছুই থাকুক না কেন, কোন ব্যক্তির উপর ধারা -৮ এর অধীনে অর্থদণ্ড আরোপের ক্ষেত্রে একজন প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট বা মেট্রোপলিটান এলাকায় মেট্রোপলিটান ম্যাজিস্ট্রেট উক্ত ধারায় উলিখিত অর্থ দণ্ড আরোপ করতে পারবেন।

১০। সরল বিশ্বাসে কৃত কার্যক্রম রক্ষণ।

১১। কোম্পানী কর্তৃক অপরাধ সংঘটন।

১২। অপরাধ বিচারার্থে গ্রহণ, ইত্যাদি।

উক্ত ১০,১১, ১২ ধারার উপধারাগুলো সংযুক্ত আইনে দেখানো আছে।

১৩। বিধি প্রণয়নের ক্ষমতা - সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এ আইনের উদ্দেশ্য পূরণকল্পে বিধি প্রণয়ন করিতে পারবে। এতদসংক্রান্ত আইনটি সংযুক্ত।